গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.legislativediv.gov.bd**

## লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ইসরাইল হোসেন<br>যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ<br>আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। |
| স্থান | : | কক্ষ নং-৭১৪, ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়। |
| তারিখ | : | ০৪/০২/২০১৬খ্রিঃ। |
| সময় | : | সকাল ১১.০০ঘটিকা। |

সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের উপস্থিতি তালিকা (সংলাগ-ক) সংযুক্ত।

সভার শুরুতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতি মহোদয় এ বিভাগের সিস্টেম এনালিস্ট, জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন-কে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন। জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন পূর্ব নির্ধারিত ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার খসড়া প্রণয়নপূর্বক সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নলিখিত বিষয়াদি বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়, যথা:-

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে ৩ টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ করে পরবর্তী সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিভাগের প্রশাসন ১, ২ ও ৩ শাখা এবং বাজেট শাখা প্রত্যেকে ৩ টি করে প্রদানকৃত সেবা এবং উহার বর্তমান সেবাদান পদ্ধতি উল্লেখসহ আগামী ১৫ দিনের মধ্যে এ বিভাগের আইসিটি সেলে প্রেরণ করবে। উক্ত সেবাসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা। |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। | ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম | এ বিভাগের প্রশাসন-১ শাখা জানুয়ারী/১৬ থেকে প্রাথমিকভাবে ই-ফাইলিং কার্যক্রম শুরু করেছে। এছাড়া প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা এবং আইসিটি সেল পর্যায়ক্রমে তাঁদের ফাইলগুলো ই-ফাইলিং এ নিষ্পত্তি করবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিভাগের আইসিটি সেল ইনোভেশন টিমের সভা সংক্রান্ত নথিটি ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তি করবে এবং প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা পর্যায়ক্রমে নথির গুরুত্ব বিবেচনা করে ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তি করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা এবং আইসিটি সেল |
| ৩। | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | এ বিভাগের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ একটি ইনোভেশন বক্স চালু করা এবং প্রতিমাসের ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্সে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করে প্রতিমাসে বাছাইকৃত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন করা (স্কেলআপ)।<br><br>**সিদ্ধান্ত:** এ বিষয়ে প্রশাসন-১ শাখা আইডিয়া বক্সটি আইসিটি সেল এ স্থাপন করবে এবং সকল কর্মকর্তা তাঁদের ইনোভেশন আইডিয়া উক্ত আইডিয়া বক্সে জমা রাখবে। আইসিটি সেল উক্ত বক্সটি খুলে প্রাপ্ত আইডিয়াগুলো ইনোভেশন টিমের সভায় উপস্থাপন করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-১ ও আইসিটি সেল |
| ৪। | সংযুক্ত সংস্থাসমূহের ইনোভেশন কার্যক্রম তদারকি | এ বিভাগের সহিত সংযুক্ত সংস্থা আইন কমিশন ও মানবাধিকার কমিশনের ইনোভেশন টিমসমূহ সক্রিয় ও প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা এবং ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে উহা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়। উল্লেখ্য গত ১১/০১/২০১৬ ইং তারিখে এ বিভাগের সংযুক্ত শাখা আইন কমিশন ও মানবাধিকার কমিশনকে ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার খসড়া এ বিভাগকে অবহিত করার জন্য পত্র প্রেরণ করা হয়। | প্রশাসন-২ |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত:** এ বিভাগের সহিত সংযুক্ত সংস্থা আইন কমিশন ও মানবাধিকার কমিশনের ইনোভেশন টিম সক্রিয় ও প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা এবং ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ইত্যাদি এ বিভাগকে অবহিত করার বিষয়ে প্রয়োজনীয় তাগিদপত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫। | পুরস্কার প্রদান | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ ও সংযুক্ত সংস্থায় কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পুরস্কার প্রদান সংক্রান্ত সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ইনোভেশন আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তাদের মধ্যে পুরস্কার প্রদান এবং এ বিষয়ে উর্ধ্বতন পর্যায়ে অনুমোদন গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-১ |
| ৬। | পার্টারশিপ ও নেটওয়ার্কিং | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে তাদের সঙ্গে যোগাযোগ করা করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআইসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে তাদের সঙ্গে যোগাযোগ করা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল |
| ৭। | সোস্যাল মিডিয়ার ব্যবহার | এ বিভাগের সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক মাধ্যম (Facebook) ব্যবহার নিশ্চিত করা বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি এ বিভাগের অনুকুলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসাপেক্ষে একটি Facebook page খোলার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল |
| ৮। | অধ্যাদেশসমূহ সংরক্ষণের জন্য আর্কাইভ করা | মহামান্য রাষ্ট্রপতিকর্তৃক স্বাক্ষরিত অধ্যাদেশসমূহ সংরক্ষণের জন্য আর্কাইভ করার বিষয়ে এ বিভাগের যুগ্ম-সচিব(প্রশাসন) প্রস্তাব করেন। এ বিষয়ে একটা | আইসিটি সেল |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | আইডিয়া প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** যুগ্ম-সচিব (প্রশাসন) কর্তৃক উত্থাপিত মহামান্য রাষ্ট্রপতিকর্তৃক স্বাক্ষরিত অধ্যাদেশসমূহ সংরক্ষণের জন্য আর্কাইভ করার আইডিয়াটি ইনোভেশন আইডিয়া হিসাবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯। | ২০১৬ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রেরণ | এ বিভাগের সিস্টেম এনালিস্ট কর্তৃক প্রণীত ২০১৬ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০১৬ সালের বাৎসরিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এ বিভাগের প্রশাসন-২ শাখা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-২ |
| ১০। | ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ | প্রতি মাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা বিষয়ে আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল |
| ১১। | প্রতিমাসের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রেরণ· | এ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রতিমাসের ৫ তারিখের মধ্যে আইসিটি সেলের সহযোগিতায় প্রশাসন-২ শাখা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা বিষয়ে আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** আইসিটি সেলের সহযোগিতায় প্রশাসন-২ শাখা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-২ |

মো: ইসরাইল হোসেন
সভাপতি
যুগ্ম সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ